



## উচ্চ মাধ্যমিক শ্রেণীর আইসিটি বিষয়ের সৃজনশীল প্রশ্নোত্তর নিয়ে আলোচনা

প্রকাশ কুমার দাস

বিভাগীয় প্রধান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
মোহাম্মদপুর প্রিপারেটরি স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা

একাদশ-দ্বাদশ শ্রেণির তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের চতুর্থ অধ্যায়  
ওয়েব ডিজাইন পরিচিতি ও এইচটিএমএল থেকে সৃজনশীল দুটি  
প্রশ্নোত্তর নিয়ে আলোচনা করা হলো।

০১. নিচের উদ্দীপকটি লক্ষ কর ও প্রশ্নগুলোর  
উত্তর দাও।

ক. html-এর opening ও closing tag  
কোনটি? ১

খ. ওয়েবসাইটে কী ধরনের কাঠামো ব্যবহার

HSC-2016 RESULT			ICT
Name	GPA	Board	
Azharul Islam	5.00	Dhaka	ICT
Mahfuz Sami	4.00	Dhaka	
Saidur Rahman	3.00	Dhaka	

হয়ে থাকে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে আউটপুট-২-এর জন্য html  
কোড লেখ ও ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে আউটপুট-১-এর ক্ষেত্রে  
আউটপুটটি পেতে কী করতে হবে বলে মনে  
কর? ৪

১নং প্রশ্নের অংশের উত্তর (ক)

html-এর opening tag <html> এবং clos-  
ing tag হলো </html>।

১নং প্রশ্নের অংশের উত্তর (খ)

ওয়েবসাইটে বিভিন্ন ধরনের স্ট্রাকচার বা  
কাঠামো ব্যবহার হয়ে থাকে। যেমন- ০১. লি-  
নয়ার কাঠামো। ০২. ট্রি বা হায়ারারকিক্যাল  
কাঠামো। ০৩. হাইব্রিড বা মিশ্র কাঠামো। ০৪.  
ওয়েব লিঙ্ক বা নেটওয়ার্ক কাঠামো।

১নং প্রশ্নের অংশের উত্তর (গ)

উদ্দীপকে output 2-এর জন্য html কোড হলো :  
<html>  
<head>  
<title> ..... </title>  
</head>  
<body>  
<dl> ICT  
<dl> ICT  
<dl> ICT  
<dl> ICT  
</dl>  
</body>  
</html>

ব্যাখ্যা : <dl> হলো definition list. <dl>  
মূলত কোডিংয়ের ক্ষেত্রে খুব একটা কার্যকর নয়।  
তবে উপরের উদাহরণে <dl>-এর যে ব্যবহার  
দেখানো হয়েছে, তা হলো উদ্দীপকে <dl> শুরু  
করার পর ICTA শব্দটি লেখা হয়েছে। কিন্তু  
এটির closing tag </dl> বসানো হয়নি। যদি  
একটি <dl> শেষ না করে আর একটি <dl> শুরু  
করা হয়, তবে পরের <dl>-এর অধীনের  
শব্দগুলো ডান দিকে সরে যাবে। <dl> যে লাইনে  
শুরু হয়, সে লাইনে কোনো কাজ না করে পরের  
লাইন থেকে কার্যকর হয়। এই কাজটিই  
উদ্দীপকে পর্যায়ক্রমিকভাবে করা হয়েছে।

১নং প্রশ্নের অংশের উত্তর (ঘ)

উদ্দীপকে একটি ছক তৈরি করা হয়েছে, যেখানে  
একটি নির্দিষ্ট সাল 2016-এর HSC-এর Result-এর  
Information তুলে ধরা হয়েছে। উপরের আউটপুট  
থেকে দেখা যায়, এখানে ৫টি row করা হয়েছে।  
প্রথম row টিতে ক্যাপশন ব্যবহার করা হয়েছে।  
যখন ছকে কোনো তথ্য লেখা হয়, তখন উক্ত ছকের  
একটি নাম দেয়া হয়। এই নাম টেবিলের ওপর বা  
নিচে লেখা হয়। এটাই ক্যাপশন।

উদ্দীপকে বাকি 4টি row-কে আবার তিনটি  
পৃথক সেলে ভাগ করা হয়েছে। এই আউটপুটটি  
পেতে হলে আমাদের Notepad-এ নিচে উল্লিখিত  
html কোডটি লিখতে হবে।

```
<html>
<head>
<title> HSC Result </title>
</head>
<body>
<table border width = "100%">
<caption> HSC-2016 RESULT </caption>
<tr>
<th> Name </th>
<th> GPA </th>
<th> Board </th>
</tr>
<tr>
<td> Azharul Islam </td>
<td> 5.00 </td>
<td> Dhaka </td>
</tr>
<tr>
<td> Mahfuz Sami </td>
<td> 4.00 </td>
<td> Dhaka </td>
</tr>
<tr>
<td> Saidur Rahman </td>
<td> 3.00 </td>
<td> Dhaka </td>
</tr>
```

</body>  
</html>

০২. নিচের সিনটেক্সটি লক্ষ কর ও  
প্রশ্নগুলোর উত্তর দাও।

<img src = "D:\Picture\Birds.jpg"  
width="40" height = "50">

ক. ওয়েব ব্রাউজিং কী? ১

খ. ওয়েবসাইট কী কাজে লাগে? ২

গ. উদ্দীপকে উল্লিখিত সিনটেক্সটি বিস্তারিত  
আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত কার্যক্রম একটি ওয়েব  
পেজে উপস্থাপনের জন্য কতটুকু গুরুত্বপূর্ণ?  
বিশ্লেষণ কর। ৪

২নং প্রশ্নের অংশের উত্তর (ক)

WWW হলো পৃথিবীর বিভিন্ন দেশের সার্ভারে  
রাখা পরস্পর সংযোগযোগ্য ওয়েব পেজ। এ ওয়েব  
পেজ পরিদর্শন করা হলো ওয়েব ব্রাউজিং।

২নং প্রশ্নের অংশের উত্তর (খ)

কোনো ওয়েব সার্ভারে রাখা ওয়েব পেজ, ছবি,  
অডিও, ভিডিও ও অন্যান্য ডিজিটাল তথ্যের  
সমষ্টিকে ওয়েবসাইট বুঝায়, যেখানে ইন্টারনেট বা  
ল্যানের মাধ্যমে প্রবেশ করা যায়। ওয়েবসাইটে  
সাধারণত বিভিন্ন ধরনের তথ্য থাকে। আর্থী  
পাঠককে ব্যাপক সুবিধা দেয়ার জন্য ওয়েবসাইট  
তৈরি করা হয়। আর এই প্রক্রিয়াটি নিয়ন্ত্রণ করা  
হয় কমপিউটার দিয়ে। ওয়েবসাইট থেকে পাঠক  
তথ্য পাঠ ও ডাউনলোড করতে পারে।

২নং প্রশ্নের অংশের উত্তর (গ)

উদ্দীপকের সিনটেক্সটি হলো :

<img src = "D: \ Picture\Birds.jpg"  
width = "40" height = "50">

এখানে <> চিহ্নের মধ্যে ইমেজটি কোথায় অর্থাৎ  
D ড্রাইভে সংরক্ষিত আছে তার ঠিকানা বুঝায়।

img দিয়ে image বুঝায়।

src দিয়ে source বুঝায়।

D : \Picture \Birds.jpg দিয়ে D ড্রাইভে  
Picture ফোল্ডারের অধীনে Birds.jpg ফাইল বুঝায়।

Width = "40" height = "50" দিয়ে ছবির  
প্রস্থ 40 এবং উচ্চতা 50 অনুপাত নির্দেশ করে।

উক্ত সিনটেক্সটি Notepad-এ লিখে সংরক্ষণ  
করে সেই ফাইলে ডাবল ক্লিক করলে পাখির ছবি  
প্রদর্শিত হবে।

২নং প্রশ্নের অংশের উত্তর (ঘ)

উদ্দীপকে উল্লিখিত কার্যক্রম একটি ওয়েব  
পেজে উপস্থাপনের জন্য গুরুত্বপূর্ণ। ওয়েব পেজে  
টেক্সট লেখার পাশাপাশি কোনো গ্রাফিক্স বা  
ইমেজ বা ছবি ব্যবহার করলে ওয়েব পেজের মান  
অনেক বেড়ে যায়। ওয়েব পেজে গ্রাফিক্স/ছবি  
ব্যবহারের মাধ্যমে টেক্সটের পরিমাণ কমিয়ে চিত্র  
দিয়ে উপস্থাপন করা সহজ হয়। দর্শক বা  
ব্রাউজারদেরকে আকর্ষণ করার জন্য গ্রাফিক্সের  
বিকল্প নেই। তবে খেয়াল রাখতে হবে অতিরিক্ত  
চিত্র বা গ্রাফিক্স ব্যবহার করে ওয়েব পেজ বেশি  
মেমরি যেন দখল না করে। এতে ওয়েব পেজ  
খুলতে ব্যবহারকারীদের অনেক সময়ের প্রয়োজন  
হবে। তাই উক্ত ওয়েব পেজে ব্যবহারকারীরা  
বিরক্ত হয়ে প্রবেশ না করে বের হয়ে আসবেন

ফিডব্যাক : prokashkumar08@yahoo.com